

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 তথ্য অধিদফতর
 তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.pressinform.gov.bd



বিষয় : ২১.০৩.২০২২ তারিখ অনুষ্ঠিত চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় নির্ধারণ সংক্রান্ত অবহিতকরণ সভার কার্যবিবরণ।

সভাপতি : জনাব মো. শাহেনুর মিয়া

প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য অধিদফতর, ঢাকা।

তারিখ : ২১.০৩.২০২২ খ্রি।

সময় : দুপুর ১২.০০ টা

স্থান : তথ্য অধিদফতরের সম্মেলন কক্ষ

সভাপতি মহোদয় তথ্য অধিদফতরের ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিমের সদস্য, অন্যান্য কর্মকর্তা এবং ভার্চুয়ালি সংযুক্ত আঞ্চলিক তথ্য অফিসমূহের প্রধান ও বিভিন্ন মন্ত্রণালয়ে সংযুক্ত জনসংযোগ কর্মকর্তাসহ উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব ও তথ্য অফিসার (প্রোটকল) জনাব আশরোফা ইমদাদ চতুর্থ শিল্প বিপ্লব চলমান প্রেক্ষাপটে তথ্য অধিদফতরের সেবাদান কার্যক্রম আধুনিক ও প্রযুক্তিবান্ধব করতে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় সভায় উপস্থাপন করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিমের সভাপতি ও সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল ও লিয়াজেঁ) জনাব মো. আবদুল জিলিল। এতে অন্যদের মধ্যে উপপ্রধান তথ্য অফিসার (মনিটরিং এন্ড নিউজব্রিফ-২) জনাব মুহাম্মদ শিপলু জামান, সিনিয়র তথ্য অফিসার (প্রশাসন) জনাব এ এইচ এম মাসুম বিলাহ ও চিফ ফিচার রাইটার জনাব এ. এম. ইমদাদুল ইসলাম আলোচনায় অংশ নেন।

সভায় ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিমের অন্য সদস্যসহ উপস্থিত কর্মকর্তারা মতামত ব্যক্ত করেন। একইসাথে তারা বিভিন্ন অনুবিভাগের কার্যক্রম দুট, স্বচ্ছ ও কাস্টমারবান্ধব করতে চতুর্থ শিল্প বিপ্লবের ফলে উন্নত কী ধরণের প্রযুক্তির প্রয়োগ করা যায়, সে বিষয়ে মতামত তুলে ধরেন।


বিস্তারিত আলোচনা শেষে তথ্য অধিদফতরে সার্বিক সেবাদান প্রক্রিয়া গতিশীল করতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র. ন.	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	ডিজিটাল সেবা	প্রধান তথ্য অফিসার মহোদয় চতুর্থ শিল্প বিপ্লবের (4IR) চ্যালেঞ্জ মোকাবিলায় এখন থেকে কাজ করে যাওয়ার নির্দেশনা দিয়ে বলেন, চতুর্থ শিল্প বিপ্লব ২০১৬ সাল থেকে শুরু হয়েছে। ৪ৰ্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে আগামীতে মিডিয়া কিভাবে সাড়া দিবে এবং কিভাবে ডিজিটাল পদ্ধতিতে সরকারের উন্নয়ন কার্যক্রমের সংবাদ আরও কার্যকরভাবে প্রচার করা যায়, সেগুলো নিয়ে ভাবতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত ভিশন-২০৪১ অর্জনে তথ্য অধিদফতরের ওপর অর্পিত দায়িত্ব পালনে আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার বৃদ্ধি করে তথ্য অধিদফতরে দক্ষ জনবল তৈরির সিদ্ধান্ত নেয়া হয়।	প্রেস শাখা/প্রোটকল শাখা/প্রশাসন শাখা/ মনিটরিং শাখা/ফিচার শাখা

চলমান পাতা/০২

ক্র. ন.	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
০২	প্রজেক্ট ব্যবস্থাপনা	তথ্য অধিদফতরে 4IR-এর উন্নাবন কাজে লাগানোর লক্ষ্যে প্রকল্প গ্রহণের বিষয়ে গুরুত্বারূপ করা হয়। নতুন নতুন উন্নাবনী উদ্যোগের মাধ্যমে সরকারের প্রচারকার্যে PID-কে leading স্থানে পৌছাতে বিদ্যমান অন্তরায়গুলো চিহ্নিতকরণ ও তা সাফল্যের সাথে মোকাবিলার সিদ্ধান্ত গৃহীত হয়।	সমন্বয় ও বিতরণ শাখা
০৩	প্রশিক্ষণের আয়োজন	চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কে তথ্য অধিদফতরের কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা বাড়াতে সরাসরি অংশগ্রহণে প্রশিক্ষণের আয়োজন জরুরি। এ বিষয়ে আলোচনা শে ষে ভবিষ্যতে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কর্মসূচিতে এ সংক্রান্ত মডিউল সংযোজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসন শাখা
০৪	Apps ব্যবহার	ডিজিটাল পিআইডি গড়ার অংশ হিসেবে PID app চালুর বিষয়ে আলোচনা হয়। এছাড়া, a2i-এর সহায়তায় সদর দপ্তরের সাথে ই-নথিতে আঞ্চলিক তথ্য অফিসের সংযুক্তির সিদ্ধান্ত নেয়া হয়।	ওয়েব এডমিন
০৫	ফিচার প্রকাশ	চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলার উন্নাবিত বিভিন্ন প্রযুক্তি ও জ্ঞান সম্পর্কে গগমাধ্যম ও নাগরিক সচেতনতা সৃষ্টিতে তথ্য অধিদফতর থেকে বিশেষ ফিচার/নিবন্ধ প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।	চিফ ফিচার রাইটার ফিচার শাখা

সভাপতি মহোদয় চতুর্থ শিল্প বিপ্লবের ফলে সৃষ্ট প্রযুক্তিগত পরিবর্তন কাজে লাগিয়ে দফতরের সেবাদান প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনতে কর্মকর্তা/কর্মচারীদের সর্বাঙ্গ সহায়তা কামনা করেন। আর কোনো আলোচনা না থাকায় তিনি উপস্থিত স্বাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো. আব্দুর রেহমান
সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল ও লিয়াজোঁ)
ও
ইনোভেশন অফিসার
ফোন : ৯৫৪৯৯০৯৫

নম্বর. ১৫.৫২.০০০০.০১১.১৬.১৯৭.১৮(অংশ-৮).- ১০ টেক্স

তারিখ : ৩১.০৩.২০২২ খ্রি।

সদয় অবগতি ও কার্যালয়ে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস এন্ড মিনিস্ট্রিয়াল পাবলিসিটি/প্রোটকল এন্ড লিয়াজোঁ), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৩। সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপপ্রধান তথ্য অফিসার (সকল), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৫। উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল, সিলেট, রংপুর, ময়মনসিংহ।
- ০৬। সিনিয়র তথ্য অফিসার, (প্রশাসন/সমন্বয় ও বিতরণ), তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৭। গাজী শরীফা ইয়াছমিন, তথ্য অফিসার ও ওয়েব অ্যাডমিন, তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৮। প্রশাসনিক, ক্রয়, অতিরিক্ত হিসাবরক্ষণ, বিতরণ কর্মকর্তা ও সহকারী প্রধান আলোকচিত্রগ্রাহক, তথ্য অধিদফতর, ঢাকা।
- ০৯। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা।
- ১০। সংশ্লিষ্ট নথি।